

শেষের পাতা

চট্টগ্রামে স্থপতি জুয়েল খুনের ঘটনায় দু'জন খেফতার

২০০৭-১০-২০ : চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রামে স্থপতি সাখাওয়াত উল্লাহ জুয়েল খুনের ঘটনায় সন্দেহভাজন দুই ব্যক্তিকে খেফতার করা হয়েছে। গতকাল ভোরে নগরীর সিরাজউদ্দৌলা রোড থেকে তাদের খেফতার করে কোতোয়ালি পুলিশ। খেফতারকৃতরা হলো সুমন চক্রবর্তী ও ধনু মিয়া। পুলিশ জানায়, সুমন ও ধনু পেশাদার ছিনতাইকারী। তাদের জিজ্ঞাসাবাদের জন্য গতকাল তিনদিনের রিমাণ্ডে নেয়া হয়েছে।

উল্লেখ্য, স্থপতি সাখাওয়াত উল্লাহ জুয়েলকে (২৬) বৃহস্পতিবার ভোরে চট্টগ্রাম নগরীর চন্দনপুরা সিরাজউদ্দৌলা রোডে বাসার সামনে ছিনতাইকারীরা ছুরিকাঘাত করে। ওইদিন রাত সাড়ে ৯টায় চিকিৎসাধীন অবস্থায় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়। তিনি নগরীর আগ্রাবাদে প্রণয় নামক একটি প্রাইভেট প্রতিষ্ঠানে চাকরি করতেন। ঢাকায় বিয়ের কনে ঠিক করে চট্টগ্রামে ফিরেই ছিনতাইকারীর কবলে পড়েন তিনি। আগামী ৭ নভেম্বর তার বিয়ের তারিখ ধার্য ছিল। খুনের ঘটনায় কোতোয়ালি থানায় তার পরিবারের পক্ষ থেকে একটি মামলা হয়েছে। নিহত জুয়েল লোহাগাড়ার চুনতি এলাকার মহিবুল্লাহ ও জামায়াতে ইসলামী চট্টগ্রাম মহানগর শাখার মহিলা বুকন আরেফা বেগমের পুত্র।

জামায়াতের শোক : জুয়েল খুনের ঘটনায় গভীর শোক প্রকাশ করেছে চট্টগ্রাম মহানগর জামায়াতে ইসলামী। গতকাল এক বিবৃতিতে সংগঠনের আমির মাওলানা মুহাম্মদ শামসুল ইসলাম, সেক্রেটারি ডাক্তার মুহাম্মদ রফিক মরহুমের বৃহৎ মাগফিরাত কামনা করেন এবং খুনিদের খেফতারের দাবি জানান।

(সমাপ্ত)